ASSET Project

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# টাঙ্গাইল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

নগর জালফৈ, টাঙ্গাইল।

তারিখ- ০৫ এপ্রিল, ২০২৫খ্রিঃ

স্মারক নং-৪৯.০১.৯৩৯৫.০০৩.১৪.১১৬.২৫.২০৭

## ASSET প্রকল্পের আওতায় প্রশিক্ষন কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

**"দক্ষতা নিজের সম্পদ, দক্ষ জনশক্তি দেশের সম্পদ"**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো পরিচালিত টাঙ্গাইল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নগর জালফৈ, টাঙ্গাইলে সরকারি খরচে শুধুমাত্র বেকার যুব পুরুষ ও মহিলা, অনগ্রসর, হতদরিদ্র, সুবিধা বঞ্চিত, উপজাতি এবং প্রতিবন্ধিদের কর্মসংস্থানের লক্ষ্যে **Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET)** প্রকল্পের আওতায় ০৪ (চার) মাস মেয়াদি কোর্সে মে-আগস্ট/২০২৫ইং সেশনে নিম্নবর্ণিত ছক মোতাবেক প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে। **ভর্তি ইচ্ছুক প্রশিক্ষণার্থীকে নির্ধারিত তারিখের মধ্যে কেন্দ্রের ওয়েবসাইট https://www.tangailttc.com থেকে অনলাইনে আবেদন করতে হবে।।** আবেদনের প্রিন্ট কপি আগামী ২৩ এপ্রিল, ২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত সকাল ০৮:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতিত) কেন্দ্রের হেল্প ডেস্কে জমা দিতে হবে।

| কোর্সের ধরণ | কোর্সের নাম | মেয়াদ | বয়স | ভর্তির যোগ্যতা | আসন সংখ্যা | ভর্তি কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|
| **ASSET** -এর আওতায় বিশ্ব ব্যাংকের অর্থায়নে পরিচালিত | কনজ্যুমার ইলেকট্রনিক্স (লেভেল-১) | ০৪ মাস | ১৮-৪০ বছর | ৮ম/জেএসসি /সমমান পাশ | ২৫ | অনলাইনে আবেদন ফরম পূরণের শেষ তারিখ ঃ ১০.০৪.২০২৫ইং হতে ২২.০৪.২০২৫ইং তারিখ পর্যন্ত। ভর্তি পরীক্ষার তারিখ ও সময় ঃ ২৪.০৪.২০২৫ইং তারিখ সকাল ০৯:০০ ঘটিকায়। ভর্তি (মেধাক্রম অনুসারে) ঃ ২৭.০৪.২০২৫ইং হতে ২৯.০৪.২০২৫ইং তারিখ পর্যন্ত। ভর্তি (অপেক্ষামান তালিকা হতে) ঃ ৩০.০৪.২০২৫ইং তারিখ। ক্লাশ শুরুর তারিখ ঃ ০৪.০৫.২০২৫ইং। |
| | অটোমোটিভ মেকানিক্স (লেভেল-১) | ০৪ মাস | | ৮ম/জেএসসি /সমমান পাশ | ২৫ | |
| | প্লাম্বিং (লেভেল-২) | ০৪ মাস | | ৮ম/জেএসসি /সমমান পাশ | ২৫ | |
| | মেশনারি ওয়ার্কর্স (লেভেল-২) | ০৪ মাস | | ৮ম/জেএসসি /সমমান পাশ | ২৫ | |
| | ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স (লেভেল-২) | ০৪ মাস | | ৮ম/জেএসসি /সমমান পাশ | ২৫ | |

**ভর্তির শর্ত সমূহ ঃ**

- শুধুমাত্র স্বল্প শিক্ষিত, এতিম, দরিদ্র ও সুবিধাবঞ্চিত অনগ্রসর ও শারীরিক প্রতিবন্ধকতা সম্পন্ন শ্রেণির যুব/যুব মহিলাদের ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে এবং প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট শিল্পে চাকরি/কাজ করার মানসিকতা থাকতে হবে।
- প্রত্যেক আগ্রহী প্রার্থীদেরকে অবশ্যই BNQF Level Assessment সম্পন্ন করতে হবে।
- প্রশিক্ষণ শেষে NSDA কর্তৃক সনদপত্র প্রদানসহ সংশ্লিষ্ট শিল্পে চাকরির জন্য সহযোগীতা প্রদান করা হবে।
- অন্য কোন প্রতিষ্ঠানে অধ্যায়নরত/প্রশিক্ষণরত বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের এ কোর্সের আওতায় প্রশিক্ষণ প্রদান করা হবে না।
- ভর্তির ক্ষেত্রে প্রত্যেক অকুপেশনে সরকার কর্তৃক ঘোষিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- প্রশিক্ষনার্থীদের উপস্থিতি ফেসিয়াল রিকগনিশন ক্যামেরা এবং বায়োমেট্রিক হাজিরার মাধ্যমে নিশ্চিত করা হবে।
- **ক্লাশে উপস্থিতির ভিত্তিতে কোর্স সমাপ্তির পর প্রশিক্ষনার্থীগণকে প্রতি মাসে ১৫০০.০০ টাকা এবং নারী, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রশিক্ষনার্থীগণকে প্রতি মাসে ২০০০.০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। এছাড়াও সকল প্রশিক্ষনার্থীগণকে যাতায়াত ভাতা হিসেবে দৈনিক ১০০.০০ টাকা করে মাসিক সর্বোচ্চ ২২০০.০০ টাকা প্রদান করা হবে।**

**আবেদনপত্র জমাদানের সময় যে সকল কাগজপত্র সমূহ দাখিল করতে হবে ঃ**

(১) শিক্ষাগত যোগ্যতার ফটোকপি (২) জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদের ফটোকপি। (৩) পাসপোর্ট সাইজের ছবি ৩ কপি (৪) নাগরিকত্ব সনদপত্র ১ কপি (০৫) পাসপোর্ট এর ফটোকপি (যদি থাকে)।

**ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা ঃ**

**কনজ্যুমার ইলেকট্রনিক্স ঃ** জনাব মোঃ শহিদুল ইসলাম, সিনিয়র ইন্সট্রাক্টর, মোবাইল ঃ ০১৭১৭৩৫২৬৩৪
**অটোমোটিভ মেকানিক্স ঃ** জনাব মোঃ মিজানুর রহমান, ইন্সট্রাক্টর, মোবাইল ঃ ০১৭১২৭২৩৭৬৫
**প্লাম্বিং ঃ** জনাব নজরুল ইসলাম, ইন্সট্রাক্টর, মোবাইল ঃ ০১৬৭৬৬৩০১৬৪
**মেশনারি ওয়ার্কর্স ঃ** জনাব মোঃ মনিরুজ্জামান, ইন্সট্রাক্টর, মোবাইল ঃ ০১৬২৫৪৪২৩৬২
**ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স ঃ** জনাব মোঃ খায়রুল ইসলাম, ইন্সট্রাক্টর, মোবাইল ঃ ০১৭৪০৫৯৮৪২৪

তথ্য কর্ণার, টাঙ্গাইল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নগর জালফৈ, টাঙ্গাইল। ফোন ঃ ০২৯৯৭৭৫৩২৪০
মোবাইল (হেল্প ডেস্ক)ঃ মোহাম্মদ রুহুল আমীন- ০১৭৭০-২১২৩৪৫

০৫.০৪.২০২৫

মোঃ রাশেদুল ইসলাম
অধ্যক্ষ
টাঙ্গাইল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
নগর জালফৈ, টাঙ্গাইল।